

১০/১১/০৭
২৪

চট্টগ্রামে কলেজে এইচএসসির সিলেবাস শেষ না করেই নির্বাচনী পরীক্ষা ঘোষণা

মাকসুদ আহমদ, চট্টগ্রাম অফিস : চট্টগ্রামে সরকারী ও বেসরকারী কলেজগুলোতে এইচএসসি পরীক্ষার সিলেবাস শেষ না করেই নির্বাচনী পরীক্ষার তারিখ ঘোষণা করেছে। কিন্তু সিলেবাস শেষ না করায় শিক্ষার্থীরা বিপাকে পড়েছে। শিক্ষার্থীদের অভিযোগ, কলেজ শিক্ষকরা শ্রেণীকক্ষে পাঠদান না করে কেটিং নিয়ে ব্যস্ত। জ্ঞান অনেক কলেজ প্রথমবর্ষের সিলেবাসের সঙ্গে দ্বিতীয় বর্ষের সিলেবাস যোগ করে দেয়ার শিক্ষার্থীরা বাইরের গ্রাইভেট কোর্টের ওপরও নির্ভরশীল হতে পারেনি। ফলে অকৃতকার্য জরতটে অপ্রতুত অবস্থায় অল্প কয়েকদিনের মধ্যে শিক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। জানা গেছে, চট্টগ্রামের সরকারী ও বেসরকারী কলেজগুলোতে শ্রেণীকক্ষের শিক্ষাদান নিয়ে চলছে ব্যাপক অনিয়ম। প্রত্যেকটি কলেজ শিক্ষাবর্ষের নির্দিষ্ট সময়ের মধ্যে শিক্ষার্থীদের এইচএসসি চূড়ান্ত পরীক্ষার সিলেবাস শেষ করে নির্বাচনী পরীক্ষা নেয়ার নিয়ম রয়েছে। কিন্তু কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থীদের সিলেবাস শেষ না করেই নির্বাচনী পরীক্ষা নেয়ার প্রক্রিয়া শুরু করেছে। ফলে অপ্রতুত অবস্থায় শিক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হয়। এতে করে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণকৃত শিক্ষার্থীদের রেজাল্ট একদিকে যেমন খারাপ হবে, অন্যদিকে নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ না হওয়ায় অভিভাবকদেরও খর্গা দিতে হয় কলেজ কর্তৃপক্ষের কাছে। অভিযোগ রয়েছে, নির্বাচনী

পরীক্ষায় উত্তীর্ণ না হলে কলেজ কর্তৃপক্ষ ডোনেশন নিয়ে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের পরামর্শ ও সুযোগ দিয়ে হাতিয়ে নেয় অর্থাৎ উপায় নেগদ অর্ধ। বিশেষ করে বেসরকারী কলেজগুলোতে এ ধরনের সিস্টেম চালু থাকায় অন্তর্গত শিক্ষার্থীদের জন্য অভিভাবকদের আর্থিক কঠোর সম্মুখীন হতে হয়। অন্যথায় ঐ বছর এইচএসসির চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ সম্ভব হয় না। কলেজ কর্তৃপক্ষের অনৈতিক বিধির কারণে শিক্ষার্থীকে আরও একটি বছর নষ্ট করতে হয়। শিক্ষার্থীদের অভিযোগ, চট্টগ্রামের ৫টি সরকারী কলেজসহ

শিক্ষার্থীরা বিপাকে

বেশ কয়েকটি বেসরকারী কলেজ এবার এইচএসসি শিক্ষাবর্ষের বিভিন্ন বিষয়ের সিলেবাস সম্পূর্ণরূপে শেষ না করেই নির্বাচনী পরীক্ষার ঘোষণা দিয়েছে। বিভিন্ন কলেজের মধ্যে রয়েছে সরকারী কমার্স কলেজ, সরকারী সিটি কলেজ, হাজী মুহম্মদ মহসিন কলেজ, সরকারী মহিলা কলেজ, আমাবাদ মহিলা কলেজ, বালাশেখ মহিলা সমিতি স্কুল এন্ড কলেজ, এনামেত বাজার মহিলা কলেজ, বিএএফ শাহীন কলেজ, ব্যাবিষ্টায় সুন্দান আহমদ কলেজ, হাজেরা তজ্জু জিম্মী কলেজ, এমইএস ওমরগনি কলেজসহ বেশ কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠান। এসব শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজী ছাড়াও বিজ্ঞান বিভাগের পদার্থ বিজ্ঞান, রসায়ন ও গণিত, বাণিজ্য বিভাগের বিদ্যুৎতত্ত্বের মধ্যে হিসাব বিজ্ঞান, সাচিবিক বিদ্যা, কম্পিউটার, পরিসংখ্যান ও অর্থনীতি বিষয়ের সিলেবাসের অনেকাংশই শেষ হয়নি।